



## জরুরী নিয়োগ বিজ্ঞপ্তি

রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) ইউরোপিয়ান ইউনিয়ন এর অর্থায়নে ৬ টি পৌরসভা যথাক্রমে নারায়নগঞ্জ জেলার তারাবো পৌরসভা, নরসিংদী জেলার নরসিংদী পৌরসভা, গাজীপুর জেলার কালিয়াকৈর পৌরসভা, টাঙ্গাইল জেলার টাঙ্গাইল পৌরসভা, নওগাঁ জেলার নওগাঁ পৌরসভা এবং চাঁপাই নবাবগঞ্জ জেলার চাঁপাই নবাবগঞ্জ পৌরসভায় “Enhancing Health and Nutrition Services for the Urban Poor People in Bangladesh” শিরোনামে একটি প্রকল্প বাস্তবায়ন করছে। উক্ত প্রকল্পের নিম্নলিখিত পদের জন্য যোগ্য ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের প্রকল্প মেয়াদে নিয়োগ প্রদান করা হবে।

### ফিল্ড অফিসার

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান হতে ৪ বৎসরের মেডিক্যাল এ্যাসিস্টেন্ট ডিপ্লোমা কোর্স (MATS) সম্পন্ন হতে হবে। পৌরসভা / প্রাইভেট ক্লিনিকের সাথে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। স্থানীয় সরকার এবং স্বাস্থ্য কর্মসূচীর ডাটা সংগ্রহ, কমিউনিটি মোবাইলাইজেশন, কমিউনিটি পর্যায়ে পর্যায়ে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি সম্পর্কিত কার্যক্রম পরিচালনার ২ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। মাসিক বেতন ও ভাতাদি আলোচনা সাপেক্ষ।

আগ্রহী যোগ্য প্রার্থীদেরকে “মানব সম্পদ বিভাগ”, রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক), বাড়ী-২০, সড়ক-১১ (নতুন), ৩২ (পুরাতন), ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯ বরাবর দরখাস্ত (২ কপি ছবি, শিক্ষাগত ও অভিজ্ঞতার সনদ পত্রের সত্যায়িত কপি সহ পূর্ণ জীবন বৃত্তান্ত এবং যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বরসহ) আগামী ৩১/০১/২০১৯ইং এর মধ্যে আবেদন পত্র প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য ডাকা হবে। খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।